

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।

স্মারক নং- উমাশিঅ/কিস/২০২৬- ৭২০

তাং-১০/০৯/২০২৬ খ্রিঃ

বিষয় : শিক্ষার মানোন্নয়নে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয়ের সাথে প্রতিষ্ঠান প্রধানগণের ০৯.০৯.২০২৬ খ্রি. তারিখের মতবিনিময় সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার মান্যবর জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব সোহানা নাসরিন মহোদয়ের সাথে কিশোরগঞ্জ সদর উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের গত ০৯.০৯.২০২৬ খ্রি. তারিখ এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ কামরুল হাসান মারুফ, উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ মহোদয়। সভায় মতবিনিময় শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিষ্ঠান পর্যায়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	সিদ্ধান্ত সমূহ
১	সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত কোন ভাবেই কোন কোচিং সেন্টার খোলা রাখতে পারবে না
২	কোন শিক্ষার্থীর ৮০% ক্লাস উপস্থিতি না থাকলে বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ক্লাস উপস্থিতিতে বার্ষিক পরীক্ষায় ১০ নাম্বার রাখা যেতে পারে
৩	Test পরীক্ষায় যেকোন এক বিষয়ে অকৃতকার্য হলেও সেই শিক্ষার্থী SSC/HSC পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না
৪	প্রতিষ্ঠান চলাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষার্থী মোবাইল ফোন নিয়ে আসতে পারবে না
৫	সপ্তাহে একদিন প্রতিটি প্রতিষ্ঠান শিক্ষার্থীদের নিয়ে বাধ্যতামূলকভাবে আঙিনা পরিষ্কার করবে
৬	ডিবেটিং ক্লাব, ম্যাথ ক্লাব, ও ইংলিশ ক্লাব বাধ্যতামূলক সকল প্রতিষ্ঠানে থাকতে হবে
৭	কোন শিক্ষার্থী টানা ০৩ (তিন) দিন ক্লাসে অনুপস্থিত থাকলে শ্রেণি শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর খোঁজে হোম ভিজিট করবেন
৮	প্রত্যেক শিক্ষার্থীর Data Base পিতা মাতার ফোন নম্বর ঠিকানাসহ থাকতে হবে। প্রতিষ্ঠানে কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে প্রতিষ্ঠান শুরুর এক ঘণ্টার মধ্যে মেসেজ দিতে হবে
৯	প্রতি তিন মাসে অন্তত একবার অভিভাবক-শিক্ষক মতবিনিময় সভার আয়োজন করতে হবে এবং শিক্ষার্থীর উপস্থিতি, ফলাফল ও আচরণ সম্পর্কে অভিভাবককে অবহিত করতে হবে।
১০	প্রতিটি শ্রেণির ফলাফল বিশ্লেষণ করে বিষয়ভিত্তিক Pass Rate ও দুর্বল শিক্ষার্থীর তালিকা তৈরি করতে হবে এবং শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক দুর্বলতা চিহ্নিত করে Remedial/বিশেষ ক্লাসের ব্যবস্থা করতে হবে
১১	প্রতিটি প্রতিষ্ঠানে শিক্ষকদের উপস্থিতি ও সময়ানুবর্তিতা নিশ্চিত করতে ডিজিটাল Attendance Monitoring চালু করতে হবে

উপরোক্ত সিদ্ধান্তসমূহ আপনার প্রতিষ্ঠানে যথাযথভাবে বাস্তবায়ন করে নির্ধারিত কাজের বিবরণসহ প্রতিবেদন প্রতি মাসের প্রথম ৫ কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার(সকল),
কলেজ, স্কুল এন্ড কলেজ, বিদ্যালয়, কারিগরি প্রতিষ্ঠান ও মাদ্রাসা
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।

স্মারক নং- উমাশিঅ/কিস/২০২৬- ৭১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৪. অফিস সংরক্ষণ নথি।



(মোঃ আসাদুল হক)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারঃ)
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।

তাং-১০/০৯/২০২৬ খ্রিঃ

(মোঃ আসাদুল হক)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারঃ)
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।